

ইতিহাদ এয়ারওয়েজের রেকর্ড মুনাফা

- A Monitor Desk Report

Date: 08 September, 2025



ঢাকাঃ সংযুক্ত আরব আমিরাতের পতাকাবাহী এয়ারলাইনস ইতিহাদ এয়ারওয়েজ চলতি বছরের প্রথমার্ধে (জানুয়ারি-জুন) তাদের ইতিহাসের সর্বোচ্চ মুনাফা অর্জন করেছে।

যাত্রী চাহিদা বৃদ্ধি ও নতুন রুট চালুর কারণে এ রেকর্ড মুনাফা হয়েছে। ভবিষ্যতে প্রতিষ্ঠানটি প্রযুক্তি ব্যবহারে আরো বিনিয়োগের পাশাপাশি ক্রিপ্টোকারেন্সির মাধ্যমে ভাড়া পরিশোধের সুযোগ চালু করার পরিকল্পনা করছে।

এক বিবৃতিতে ইতিহাদ জানিয়েছে, ২০২৫ সালের জানুয়ারি-জুন সময়কালে কর-পরবর্তী নিট মুনাফা ৩২ শতাংশ বেড়ে দাঁড়িয়েছে ৩০ কোটি ডলার (১১০ কোটি দিরহাম)। একই সময়ে আয় বেড়েছে ১৬ শতাংশ, যা ১ হাজার ৩৫০ কোটি দিরহাম ছাড়িয়েছে। এর মধ্যে যাত্রীদের থেকে আয় হয়েছে ১ হাজার ১২৯ কোটি ডলার এবং কার্গো থেকে আয় বেড়েছে ৯ শতাংশ।

সুদ, কর, অবচয় ও পরিশোধন বাদে আয় প্রায় ২৫ শতাংশ বেড়ে দাঁড়িয়েছে ২৭০ কোটি দিরহামে। ইতিহাদের প্রধান নির্বাহী আল্তো নোয়ালদো নেভেস বলেন, 'বৈশ্বিক অর্থনীতি ও ভূরাজনৈতিক অনিশ্চয়তার মাঝেও এ সাফল্য প্রতিষ্ঠানটির অভিযোজন ক্ষমতার প্রমাণ।'

প্রথম ৬ মাসে ইতিহাদ ১ কোটি ২ লাখ যাত্রী পরিবহন করেছে, যা আগের বছরের তুলনায় ১৭ শতাংশ বেশি। যাত্রী আসন পূরণের হার বা লোড ফ্যাক্টরও বেড়ে দাঁড়িয়েছে ৮৭ শতাংশে। চলতি বছর কোম্পানির লক্ষ্য ২ কোটি ১৫ লাখ যাত্রী পরিবহন। ২০২৬ সালে এ সংখ্যা বাড়িয়ে ২ কোটি ৪০ থেকে ২ কোটি ৫০ লাখে নেয়ার পরিকল্পনা রয়েছে। ২০৩০ সালের মধ্যে ইতিহাদ ৩ কোটি ৮০ লাখ যাত্রী পরিবহনের লক্ষ্য নিয়েছে, যা আগের পরিকল্পনার চেয়ে বেশি।

বর্তমানে কোম্পানির কার্যকর বহরে রয়েছে শতাধিক উডোজাহাজ। সম্প্রতি তারা এয়ারবাস এ৩২১এলআর মডেলের বিমান চালু করেছে এবং ২৮টি বোয়িং ওয়াইডবডি বিমান অর্ডার করেছে। এ বছর প্রথমার্ধেই ইতিহাদ নতুন করে ১ হাজার ৭০০-এর বেশি কর্মী নিয়োগ দিয়েছে, এর মধ্যে রয়েছেন শতাধিক পাইলট ও প্রায় এক হাজার কেবিন ক্রু।

ভবিষ্যৎ পরিকল্পনার অংশ হিসেবে ইতিহাদ বিটকয়েনসহ বিভিন্ন ক্রিপ্টোকারেন্সিকে ভাড়ার বিকল্প হিসেবে গ্রহণের প্রস্তুতি নিচ্ছে। নেভেস জানান, কোম্পানি বড় ধরনের ঝুঁকি নিতে চায় না; তাই ক্রিপ্টোতে অর্থ গ্রহণ করা হলেও দ্রুত তা ডলার বা দিরহামে রূপান্তর করা হবে।

এছাড়া গ্রাহকের জন্য উন্নত মানের ওয়াই-ফাই সেবা চালু করতে প্রতিষ্ঠানটি বিভিন্ন বিকল্প বিবেচনা করছে। এর মধ্যে ইলোন মাস্কের স্টারলিংক স্যাটেলাইট ইন্টারনেট সেবা ব্যবহারের সম্ভাবনাও রয়েছে। দুই-তিন বছরের মধ্যে যাত্রীদের জন্য ১০০ এমবিপিএস গতির ইন্টারনেট সরবরাহের লক্ষ্য নিয়েছে ইতিহাদ।

-B